

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২০৮৭

७/ विवार (حتاب النكاح)

পরিচ্ছেদঃ ২১, নারীদেরকে বিয়েতে বাধা দেয়া নিষেধ

بَابٌ فِي الْعَضْلِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُتَنَّى، حَدَّثَنِي أَبُو عَامِرٍ، حَدَّثَنَا عَبَّادُ بْنُ رَاشِدٍ، عَنِ الْحَسَنِ، حَدَّثَنِي مَعْقِلُ بْنُ يَسَارٍ، قَالَ: كَانَتْ لِي أُخْتُ تُخْطَبُ إِلَيَّ فَأْتَانِي ابْنُ عَمِّ لِي فَأَنْكَحْتُهَا إِيَّاهُ، ثُمَّ مَعْقِلُ بْنُ يَسَارٍ، قَالَ: كَانَتْ لِي أُخْتُ تُخْطُبُ إِلَيَّ فَأَتَانِي ابْنُ عَمِّ لِي فَأَنْكَحْتُهَا إِيَّاهُ، ثُمَّ مَركَهَا حَتَّى انْقَضَتْ عِدَّتُهَا، فَلَمَّا خُطِبَتْ إِلَيَّ أَتَانِي يَخْطُبُهَا، طَلَّقَهَا طَلَاقًا لَهُ رَجْعَةٌ، ثُمَّ تَركَهَا حَتَّى انْقَضَت عِدَّتُهَا، فَلَمَّا خُطِبَتْ إِلَيَّ أَتَانِي يَخْطُبُهَا، فَقُلْتُ: لَا، وَاللَّهِ لَا أُنْكِحُهَا أَبَدًا، قَالَ: فَفِيَّ نَزلَتْ هَذِهِ الْآيَةُ (وَإِذَا طَلَقْتُمُ النِّسَاءَ فَبَلَغْنَ فَقُلْتُ: لَا، وَاللَّهِ لَا أُنْكِحُهَا أَبُدًا، قَالَ: فَقِيَّ نَزلَتْ هَذِهِ الْآيَةُ (وَإِذَا طَلَقْتُمُ النِّسَاءَ فَبَلَغْنَ الْوَلَا عَصْمُلُوهُنَّ أَنْ يَنْكِحْنَ أَرْوَاجَهُنَّ) الْآيَةَ، قَالَ: فَكَفَّرْتُ عَنْ يَمِينِي فَأَنْكَحْتُهَا إِيّاهُ صَحيح

বাংলা

২০৮৭। হাসান বাসরী (রহ.) সূত্রে বর্ণিত। তিনি বলেন, মা'কিল ইবনু ইয়াসার (রাযি.) আমাকে বর্ণনা করেন যে, আমার এক বোন ছিলো। আমার নিকট তার বিয়ের ব্যাপারে পয়গাম আসতো। একদা আমার এক চাচাত ভাই আমার কাছে এলে আমি তার সাথে আমার বোনকে বিয়ে দিলাম। পরে সে তাকে এক তালাক রাজঈ দিয়ে ফেলে রাখলো। এমনকি তার ইদ্দাতকাল শেষ হলো। অতঃপর যখন তার বিয়ের পয়গাম আসতে থাকলো। আমার চাচাত ভাইও পুনরায় আমার কাছে পয়গাম পাঠালে আমি বললাম, আল্লাহর শপথ! আমি তাকে তার কাছে কখনোই বিয়ে দিবো না। বর্ণনাকারী বলেন, এরপর আমাকে কেন্দ্র করেই এ আয়াত অবতীর্ণ হয়ঃ "যখন তোমরা নারীদের তালাক দিবে, ইদ্দাতকাল শেষ হওয়ার পর যদি তারা তাদের পূর্ব-স্বামীকে বিয়ে করতে চায়, তাহলে তোমরা তাদেরকে বাধা দিও না"... (সূরা আল-বাকারাহঃ ২৩২)। বর্ণনাকারী বলেন, অতঃপর আমি আমার শপথের কাফ্ফারাহ দিয়ে বোনকে তার সাথে বিয়ে দেই।[1]

সহীহ।

English

Ma'qil bin Yasar said:



I had a sister and I was asked to give her in marriage. My cousin came to me and I married her to him. He then divorced her one revocable divorce. He abandoned her till her waiting period passed. When I was asked to give her in marriage, he again came to me and asked her in marriage. Thereupon I said to him "No, by Allah, I will never marry her to you. Then the following verse was revealed about my case: "And when ye have divorced women and they reach their term, place not difficulties in the way of their marrying their husbands." So I expiated for my oath, and married her off to him.

ফুটনোট

[1]. বুখারী, তিরমিযী।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ হাসান বাসরী (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন